দৈনিক সংবাদ

তারিখ 09 SEP 1990
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৭ ...

24

# ৫টি বিশ্ববিদ্যালয় কলেজকে স্নাতকোত্তর ডিগ্রী দেয়ার উপযোগী করার সিদ্ধান্ত

দেশের বিশ্ববিদ্যালয়গুলোর ওপর থেকে চাপ কমাতে ও স্নাতকোত্তর শিক্ষার সুযোগকে সম্প্রসারিত করতে দেশের চারটি বিভাগের ৫টি বিশ্ববিদ্যালয় কলেজকে নিকট ভবিষ্যতে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী দেয়ার উপযোগী করে তোলার সিদ্ধান্ত

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## পাঁচটি বিশ্ববিদ্যালয়

(১ম পাতার পর)

নেয়া হয়েছে। খবর বাসস'র।

গতকাল শনিবার সকালে আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের সঙ্গে মাসিক সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়।

সভায় উচ্চতর শ্রেণীর জন্য পাঠ্যপুস্তক প্রণয়নের প্রশ্নটি নিয়ে আলোচনা করার পর সিদ্ধান্ত নেয়া হয়, ছাত্ররা যাতে বিপুলসংখ্যক বাংলা বই পেতে পারে সেজন্য সকল বিশ্ববিদ্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

গার্হস্থ্য অর্থনীতি কলেজ, লেদার কলেজ, সঙ্গীত মহাবিদ্যালয়, চট্টগ্রাম আর্ট কলেজ, সিরামিক ইন্সটিটিউটের জন্য কত জনশক্তি ও কি কি বিশেষ সরঞ্জাম প্রয়োজন তা পরীক্ষা করার জন্য এবং এ সংক্রান্ত একটি রিপোর্ট উপাচার্যদের কমিটির বিবেচনার জন্য পেশ করতে রাষ্ট্রপতি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে (ইউজিসি) নির্দেশ দিয়েছেন।

রাষ্ট্রপতি এরশাদ বিশ্ববিদ্যালয় সমূহেরও আচার্য। উপজেলা সদর দফতরের নীচে এস এস সি পরীক্ষা কেন্দ্র স্থাপনের অনুমতি না দেয়ার ফলে পরীক্ষায় অসদুপায় অবলম্বন বহুলাংশে হ্রাস পাওয়ায় বৈঠকে রাষ্ট্রপতি সন্তোষ প্রকাশ করেন।

রাষ্ট্রপতির প্রাথমিক শিক্ষা বিষয়ক উপদেষ্টা আলহাজ্ব মনসুর আলী সরকার, রাষ্ট্রপতির মুখ্য সচিব এ, এইচ সাদেক, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান সৈয়দ আলী আহসান, শিক্ষা সচিব এ এন এম ইউসুফ, ইউজিসি সদস্য প্রফেসর শামসুল হক, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, প্রকৌশল, কৃষি ও ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণও এ সভায় উপস্থিত ছিলেন।